



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন ২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০৬৮.০১০.০০.০০.০১৫.২০১৯-২৬৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬
০৩ মার্চ ২০২০

পরিপত্র

বিষয় : আমার গ্রাম-আমার শহর: প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ-নির্বাচনী ইশতেহার-২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

আমার গ্রাম-আমার শহর: প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ-নির্বাচনী ইশতেহার-২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ অনুসারে উপজেলা পরিষদের কার্যাদি সংশ্লিষ্ট হস্তান্তরযোগ্য বিষয়সমূহের প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিদের গ্রাম পর্যায়ে আধুনিক নগর সেবা সম্প্রসারণে কার্যকর সমন্বয়ের লক্ষ্যে নিম্নবৃত্তান্তে একটি উচ্চপর্যায়ের আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হলো:

২।	মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সভাপতি
৩।	প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	সহ-সভাপতি
৩।	সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
৪।	সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
৫।	সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	সদস্য
৬।	সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৭।	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
৮।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	সদস্য
৯।	সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য
১০।	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
১১।	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
১২।	সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
১৩।	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
১৪।	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	সদস্য
১৫।	সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়	সদস্য
১৬।	সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	সদস্য
১৭।	সচিব, শিল্প মন্ত্রণালয়	সদস্য
১৮।	সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	সদস্য
১৯।	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
২০।	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
২১।	প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
২২।	প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য
২৩।	অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ	সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি:

- (১) "আমার গ্রাম-আমার শহর: প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণে বিভাগীয় কর্মপরিকল্পনা এবং গ্রাম উন্নয়ন সম্পর্কিত নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে মন্ত্রণালয়/সংস্থাসমূহের কর্মসূচি পর্যালোচনা এবং প্রয়োজনীয় সমন্বয়;
- (২) প্রতিটি গ্রামে গ্রামীণ প্রতিবেশ ও পরিবেশ বিবেচনা করে নগর সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে প্রণীত প্রকল্প প্রস্তাবের সম্পৃক্ততা (Alignment) চূড়ান্তকরণ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

- (৩) উপজেলা পর্যায়ে হস্তান্তরযোগ্য বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/বিভাগের সঙ্গে সমন্বয় করে সেটরাল স্বল্প ও মধ্য মেয়াদী কার্যক্রম গ্রহণ এবং এর আলোকে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সময়বদ্ধ লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুমোদন ও এক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- (৪) কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের উদ্যোগ, উন্নয়ন প্রকল্প/ক্রিম শ্রেণীবদ্ধকরণ (Align) ও ক্রিমের বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা;
- (৫) নির্বাচনী ইশতেহার-২০১৮ এর অঙ্গীকার অনুসারে প্রশিক্ষণ, মানবসম্পদ ও ভৌত অবকাঠামো উন্নয়নের লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুমোদন;
- (৬) উপরোক্ত ১-৫ এর আলোকে কার্যভিত্তিক সমন্বয় এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- ৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- ৪। এ পরিপত্র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

(জেসমিন পারভীন)
পরিচিতি নম্বর-১৫৫৯৭
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৭
ফ্যাক্স: ৯৫৭৫৫৭৪
lgdev2@lgd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯- ৪৪৪

তারিখ: ১৬ মার্চ, ২০২০ খ্রি.
০২ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৩। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ৮। লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
১৬.০৩.২০২০